দৈনিক সংবাদ

17

তারিখ ... 15 JUL 1990 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# গফরগাঁওয়ে ১১৪জন এইচ এস সি পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত

গফরগাঁও, ১৪ই জুলাই (নিজস্ব সংবাদদাতার ফোন)।— গফরগাঁও আলতাফ হোসেন গোলন্দাজ কলেজের ১শ' ১৪ জন এইচ এস সি পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত হয়ে পড়েছে। প্রথম দিনের বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা তারা গফরগাঁও সরকারী কলেজ কেন্দ্রে দিয়েছে। আজ সন্ধ্যায় এখানে ঢাকা বোর্ডের পরীক্ষা

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## গফরগাঁওয়ে ১১৪জন

(১ম পাতার পর)

নিয়ন্ত্রকের বরাত দিয়ে মাইকে ঘোষণা দেয়া হচ্ছে, আগামীকাল রোববার থেকে তাদের ময়মনসিংহ আনন্দমোহন কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে হবে, অন্যথায় পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গফরগাঁও থেকে ময়মনসিংহের দূরত্ব প্রায় ৪০ কিলোমিটার। উল্লেখিত পরীক্ষার্থীদের অনেকেই গফরগাঁও সদরের ৪৫ কিলোমিটার দূরে গ্রামের বাড়ীতে অবস্থান করছে। যোগাযোগ ব্যবস্থার সমস্যা ও সময়ের স্বল্পতার দরুন অনেক পরীক্ষার্থী ময়মনসিংহ গিয়ে পরীক্ষা দিতে পারবে না বলে ধারণা করা হচ্ছে।